

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের নির্মাণ কাজ উদ্বোধন

স্টাফ রিপোর্টার : আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের নির্মাণ কাজ শুরু হয়েছে। শিক্ষা মন্ত্রী ডঃ ওসমান ফারুক গতকাল (মঙ্গলবার) ঢাকার কাকরাইলে আনুষ্ঠানিকভাবে এই নির্মাণ কাজের শুভ উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় শিক্ষামন্ত্রী বাংলা জাতির মর্যাদা সাহাবিখে সমুন্নত রাখার আহবান জানিয়ে বলেছেন, জাতিসংঘ আমাদের মহান একশ্রেণীকে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের নির্মাণের উদ্দেশ্যে বিশ্বের ৬ হাজার মাতৃভাষার সংরক্ষণ, চর্চা, পরিচালনা ও পুনর্ব্যবহার ৭-৫৫ পৃ: ৭-৫৪ ৩ঃ কেয়ন

মাতৃভাষা ইনস্টিটিউট

প্রথম পৃষ্ঠার পর

কেয়ন-বাংলাদেশের যে মাটিতে সৃষ্টি হয়েছে তা এই ইনস্টিটিউটের মাধ্যমে পালন করা হবে। তিনি বলেন, প্রতিষ্ঠাকালীন এই উল্লাস ও উদ্দীপনা যেন ভবিষ্যতে হারিয়ে না যায় সেদিকে খেয়াল রাখতে হবে এবং এই ইনস্টিটিউটকে সত্যিকার অর্থে একটি আন্তর্জাতিক প্রতিষ্ঠানে পরিণত করে প্রয়োজনীয় উৎকর্ষ সাধন ও আন্তর্জাতিক সম্প্রদায়ের অগ্রহ সৃষ্টি করতে হবে। তা না হলে আমাদের মহান জাতি আন্দোলনের মর্যাদা বিশেষ দান হয়ে যাবে। শিক্ষা সচিব মুহম্মদ শহীদুল আলমের সভাপতিত্বে আয়োজিত এ অনুষ্ঠানে প্রখ্যাত শিক্ষাবিদ, জামাবিদ ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রাক্তন চেয়ারম্যান প্রফেসর ডঃ কাজী নীল মুহম্মদ, বাংলা একাডেমীর মহাপরিচালক প্রফেসর মনসুর মুসা এবং আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের প্রকল্প পরিচালক মুহাম্মদ রবিউল ইসলাম বক্তব্য রাখেন।

খেলাফত মজলিসের মিছিল

প্রথম পৃষ্ঠার পর

সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে বক্তব্য রাখেন এ আর এম আবদুল মতিন, মহাসচিব মাওলানা আবদুল রব ইউসুফী, সহকারী সাংগঠনিক সম্পাদক মাওলানা মনসুরুল হক খান, মাওলানা সাখাওয়াত হোসাইন, ঢাকা মহানগরী সেক্রেটারি শেখ গোলাম আসগর, ইসলামী ছাত্র মজলিসের সভাপতি আবদুল জালিল প্রমুখ। সভায় এ আর এম আবদুল মতিন যুক্তকে মানবসভ্যতার চরম বিপর্যয় হিসেবে উল্লেখ করে বলেন, যুক্ত কখনো সমস্যার সমাধান নয়। মাওলানা আবদুল রব ইউসুফী ইল-মার্কিন বাহিনীর বিরুদ্ধে মুসলিম রাষ্ট্র প্রধানদের ৭ দেশের জনগণকে সাথে নিয়ে ঐক্যবদ্ধভাবে যুক্ত আশিয়ে পড়ার আহবান জানান। সমাবেশ শেষে এক বিনাট কাপো পতাকা মিছিল ঢাকার প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে বায়তুল মোকাররম মসজিদের সামনে এসে সমাপ্তি ঘোষণা করা হয়।